

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 22.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১/ বিধানসভার অধিবেশন শুরুর আগে আজ বসতে চলেছে সর্বদলীয় বৈঠক।

আগামীকাল রাজ্যের ৬ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট গণনা।

২/ রাজ্যে আলু ও পেঁয়াজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী আবাবারো ওই দুটি পণ্য রপ্তানির উপর নিষেধাজ্ঞা জারি করেছেন।

৩/ ২০২৪-২৫ রবি মরশুমে কৃষক বন্ধু প্রকল্পে আজ থেকে শুরু হচ্ছে সহায়তা প্রদানের কাজ।

৪/ রাজ্য সরকার, সংশ্লিষ্ট রাজ্যে কর্মরত IPS বা IAS আধিকারিকদের বিরুদ্ধে পদক্ষেপ করতে পারবে বলে, কেন্দ্র কলকাতা হাইকোর্টে জানিয়েছে।

৫/ গোয়ায় সাড়ম্বরে চলছে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব।

দেখানো হচ্ছে একাধিক বাংলা সিনেমা।

৬/ কলকাতায় আগামী ২৫ তারিখ থেকে শুরু হচ্ছে ‘বিকশিত ভারত ইয়ং লিডার ডায়লগ’ কর্মসূচী।

বিধানসভার অধিবেশন শুরুর আগে আজ বসতে চলেছে সর্বদলীয় বৈঠক।

বেলা ১২টা নাগাদ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরহিত্যে এই বৈঠকে অংশ নেওয়ার জন্যে শাসক তৃণমূল কংগ্রেস ছাড়াও বিরোধী বিজেপি ও ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট ISF-কে আমন্ত্রণ জানানো হয়েছে। এই বৈঠকের পরে কার্য উপদেষ্টা কমিটি অধিবেশনের কার্যসূচী স্থির করবে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, আগামী সোমবার শুরু হতে চলেছে বিধানসভার আসন্ন অধিবেশন।

ঝাড়খন্ড এবং মহারাষ্ট্র বিধানসভার সঙ্গেই এ রাজ্যের ৬ বিধানসভা কেন্দ্র- সিতাই, মাদারিহাট, মেদিনীপুর, তালডাংরা, নৈহাটি এবং হাড়োয়া উপ-নির্বাচনের ভোট গণনা আগামীকাল।

গণনা শুরু হবে সকাল আটটায়। প্রথমে পোস্টাল ব্যালট গোণা হবে। তারপর EVM-এর ভোট। কমিশন জানিয়েছে, দুপুর ১-টার মধ্যে বেশিরভাগ ফলাফলই জানা যাবে। তবে, সম্পূর্ণ ফলাফল ঘোষণা হতে সন্ধ্যা গড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, এই ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট নেওয়া হয় গত ১৩ ই নভেম্বর।

‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির পর এবার ‘কন্যাশ্রী’ পোর্টালেও নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা প্রকাশ করে ‘ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার’, রাজ্য সরকারকে সতর্ক করেছে। কেন্দ্রীয় সরকারি ঐ সংস্থাই সংশ্লিষ্ট পোর্টালটি দেখাশোনা করে। তাদের সতর্ক বার্তার প্রেক্ষিতে নারী-শিশু কল্যাণ দফতর সমস্ত জেলাকে চিঠি দিয়ে একগুচ্ছ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে। নিয়মিত ব্যবধানে পাসওয়ার্ড পরিবর্তন করার পাশাপাশি সমস্ত অপারেটিং সিস্টেম আপডেট করতে বলা হয়েছে।

উল্লেখ্য, ট্যাব জালিয়াতিতে জড়িত থাকার অভিযোগে পুলিশ রাজ্যে এপর্যন্ত ২৭ জনকে গ্রেপ্তার করেছে। এছাড়াও এক হাজার ১৯০ টি অ্যাকাউন্ট ফ্রিজ করা হয়েছে বলে সরকারি সূত্রে জানা গেছে।

আন্তর্জাতিক স্তরে রাজনৈতিক অস্থিরতার সুযোগে রাজ্যে জাল টাকা এবং অস্ত্রশস্ত্রের আদানপ্রদান বাড়ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। একের পর এক অপরাধমূলক ঘটনা সামনে আসছে। এমতাবস্থায় রাজ্যের সুরক্ষা ও নিরাপত্তা অবস্থাকে মজবুত করতে প্রশাসনকে একগুচ্ছ পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। একটি প্রতিবেদন-

(অভিরূপ - ভিসি)

রাজ্যে আলু ও পেঁয়াজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আবারো ওই দুটি পণ্য রপ্তানির উপর নিষেধাজ্ঞা জারি করেছেন। নবান্নে গতকাল এক উচ্চ পর্যায়ের বৈঠকে আলু পেঁয়াজের দাম বৃদ্ধি নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন তিনি।

(বাইট- মুখ্যমন্ত্রী টাস্ক ফোর্স)

উল্লেখ্য, যতদিন না রাজ্যে আলু পেঁয়াজের দাম নিয়ন্ত্রণের মধ্যে আসছে ততদিন পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবত থাকবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

২০২৪-২৫ রবি মরসুমে ‘কৃষক বন্ধু’ প্রকল্পে এক কোটি ৮ লক্ষ ৯৫ হাজার কৃষককে দু’হাজার ৯৪৩ কোটি টাকা সহায়তা প্রদানের কাজ আজ শুরু হতে চলেছে। এই দফায় মোট ২ হাজার ৯৪৩ কোটি টাকা দেওয়া হবে। শস্য বীমা প্রকল্পের আওতায় এক কোটি ২ লক্ষ কৃষককে ইতিমধ্যেই রাজ্য সরকারের তহবিল থেকে তিন হাজার ২২১ কোটি টাকা সহায়তা করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী গতকাল নবান্নে জানিয়েছেন।

এদিকে, রাজ্য সরকার আগামী ১৫ই ডিসেম্বর থেকে ‘বাংলার বাড়ি’ প্রকল্পে উপভোক্তাদের প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু করবে। ১২ লক্ষ উপভোক্তাকে

৩০শে ডিসেম্বর পর্যন্ত প্রথম কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়া হবে। আগামী তিন বছরের মধ্যে আরও ২৪ লক্ষ উপভোক্তাকে দেওয়া হবে সহায়তা।

এছাড়াও ‘লক্ষীর ভান্ডার’ প্রকল্পে আগামী মাসে আরও ৫ লক্ষ ৭ হাজার মহিলাকে অন্তর্ভুক্ত করা হবে। এর ফলে রাজ্যের দুই কোটি ২১ লক্ষ মহিলা এই প্রকল্পের আওতায় আসবেন।

রাজ্য সরকার, সংশ্লিষ্ট রাজ্যে কর্মরত IPS বা IAS আধিকারিকদের বিরুদ্ধে পদক্ষেপ করতে পারবে বলে, কেন্দ্র কলকাতা হাইকোর্টে জানিয়েছে।

RG Kar-এ ধর্ষণ ও খুনের ঘটনায় প্রকাশ্যে তরুণী চিকিৎসকের নাম নেওয়ার জন্য কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের বিরুদ্ধে FIR করতে চেয়ে হাইকোর্টে মামলা দায়ের হয়। এরপরেই আদালত IPS আধিকারিকদের বিরুদ্ধে পদক্ষেপ করার জন্য কার অনুমতি লাগবে, সেই ব্যাপারে কেন্দ্রের কাছে রিপোর্ট তলব করে। তারই প্রেক্ষিতে অতিরিক্ত সলিসিটর জেনারেল অশোক কুমার চক্রবর্তী, কেন্দ্রের হয়ে স্বরাষ্ট্রমন্ত্রকের একটি সার্কুলার প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে জমা দেন। তিনি বলেন, রাজ্যে কর্মরত IPS, IAS এবং IFS আধিকারিকদের বিরুদ্ধে, প্রশিক্ষণ ও কর্মীবর্গ দপ্তর কোনো পদক্ষেপ করতে পারেনা। যা করার, তা’ রাজ্যই করবে।

এদিকে, মামলাকারী নিজের বক্তব্য জানাতে পারবেন বলে, বেঞ্চ নির্দেশ দিয়েছে। আগামী ২৩শে ডিসেম্বর এই মামলার পরবর্তী শুনানি হওয়ার কথা।

গোয়ায় সাড়ম্বরে চলছে ৫৫ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি।

(ইনসার্ট)

পরিচালক মৃণাল সেনের শতবর্ষে তাঁর জীবনীর ওপর ভিত্তি করে সৃজিত মুখোপাধ্যায়ের ছবি পদাতিক এবার ইফিতে প্রদর্শিত হচ্ছে। ছবিতে প্রবাদপ্রতীম চলচ্চিত্র পরিচালকের প্রথম জীবনের লড়াই এবং পরবর্তীতে ৫০ এর দশকের বাংলা

সিনেমা নতুন ধারায় তাঁর অবদান বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে। মার্গাও আইনক্সে দেশ-বিদেশের গণ্যমান্য চলচ্চিত্র ব্যক্তিত্বদের সামনে এই সিনেমা প্রদর্শিত হওয়ায় উচ্ছ্বসিত পরিচালক সৃজিত মুখোপাধ্যায়।

(বাইট- সৃজিত)

উল্লেখ্য, আজও ছবিটি দেখানো হবে।

কলকাতায় আগামী ২৫ তারিখ থেকে শুরু হচ্ছে 'বিকশিত ভারত ইয়ং লিডার ডায়লগ' কর্মসূচি। কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রকের অধীন নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো স্থানীয় প্রতিভাবান যুবকদের অনুসন্ধান করে তাদের মধ্যে নেতৃত্বের বিকাশ ঘটানো।

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে নেহেরু যুব কেন্দ্র সংগঠন পশ্চিমবঙ্গ শাখার রাজ্য অধিকর্তা অশোক সাহা জানিয়েছেন, বিকশিত ভারত গঠনের উদ্দেশ্য হলো শক্তিশালী যুব সম্প্রদায়কে গড়ে তোলা, যারা আগামীদিনে দেশকে এগিয়ে নিয়ে যাবে।

(বাইট- অশোক সাহা)

অঘ্রাণ মাস পড়ে গেলেও, কলকাতা ও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ভোরে ও রাতের দিকে শীতের পরশ এবং কুয়াশাচ্ছন্ন আবহাওয়া থাকলেও বেলা বাড়তেই ঠান্ডা উধাও। বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প ঢোকায় এই তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা শূণ্য দশমিক চার ডিগ্রি বেশী।

এদিকে মৌসম ভবন জানিয়েছে, বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরি হয়েছে। তবে রাজ্যে এর তেমন কোনো প্রভাব পড়বে না।

অন্যদিকে, দার্জিলিং-এ গতকাল মরশুমের প্রথম তুষারপাত হয়। দুপুর থেকেই সান্দাকফুতে তুষারপাতের ফলে পর্যটকরা বরফের সৌন্দর্য উপভোগ করতে বেড়িয়ে পড়েন। সাধারণত ডিসেম্বর মাসেই পাহাড়ে বরফ পড়ে।

সান্দাকফু বেড়াতে গিয়ে কলকাতার এক পর্যটকের মৃত্যু হয়েছে। আশিস ভট্টাচার্য নামে বছর ৬৫-র ওই ব্যক্তি ভবানীপুরের বাসিন্দা। পরিবারের লোকেদের সঙ্গে তিনি বেড়াতে গিয়েছিলেন। গত মঙ্গলবার সান্দাকফুতে গিয়ে হঠাৎই শ্বাসকষ্ট শুরু হয় তাঁর। হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই তাঁর মৃত্যু হয়।

গতকাল সকালে তাঁর মরদেহ কলকাতায় নিয়ে আসা হয়।

নদীয়ার কল্যাণী থানার কাছাড়িপাড়ায় ‘ডাম্পিং গ্রাউন্ড’-এর জন্য চিহ্নিত করা একটি জমির পাঁচিল দেওয়াকে কেন্দ্র করে এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। জমিতে আদালতের ‘স্টে অর্ডার’ আছে বলে দাবী করে কল্যাণীর বিজেপি বিধায়ক অশ্বিকা রায় স্থানীয় বাসিন্দাদের সঙ্গে নির্মাণ কাজে বাধা দেন। পৌরসভা, আদালতের নির্দেশ, মানছে না বলে তাঁর অভিযোগ। ঘটনায় পুলিশের সঙ্গে স্থানীয় বাসিন্দাদের ধস্তাধস্তি বাধে। পুলিশকে লক্ষ্যে করে চলে ইটবৃষ্টি। আহত হন চার জন পুলিশ কর্মী।

বিধায়ক অশ্বিকা রায় সহ গ্রেপ্তার করা হয় মোট ১৪ জনকে।

এদিকে, ধৃতদের মুক্তির দাবীতে গতরাতে কল্যাণী থানার সামনে স্থানীয় বাসিন্দারা অবস্থান শুরু করেন। বিধায়ককে PR বন্ডে স্বাক্ষর করে জামিন দেওয়ার কথা বললেও, সবাইকে না ছাড়ায় তিনি সেই বন্ডে সই করতে রাজী হননি।
